

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
হোমনা, কুমিল্লা

নম্বর: ৪১.০১.১৯৫৪.০০০.০০০.২৭.০০০১.২৫.২৮০

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৫-২৬ অর্থ বছরে ২য় কিস্তির পেরোল ও মৃত ভাতাভোগীর তালিকা প্রেরণ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, হোমনা, কুমিল্লার অধীন বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ শিক্ষা উপবৃত্তি এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তিসহ সর্বমোট ১৮০৮৫ জন নিয়মিত ভাতা পাচ্ছেন। ইতোমধ্যে ২০২৫-২৬ অর্থ বছরের ১ম কিস্তি (জুলাই-২৫ হতে সেপ্টেম্বর-২৫) বিররণ করা হয়েছে।


২। ২য় কিস্তির (অক্টোবর-২৫ হতে ডিসেম্বর-২৫) এর পেরোল আগামী ১ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখ হতে ১৫ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে শতভাগ ভাতার পেরোল প্রেরণ করতে হবে। আপনার ইউনিয়নে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা প্রাপ্ত মৃত উপকারভোগী থাকলে স্ব-স্ব ইউনিয়নে দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন সমাজকর্মীকে অবহিতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য যে, ভাতা প্রাপ্ত উপকারভোগীর তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন এর ই-মেইল ও উপজেলা সমাজসেবা কার্যালয়ের ওয়েবসাইট www.dss.homna.gov.bd এর নোটিশ-এ পাওয়া যাবে।

এমতাবস্থায়, মৃত ভাতাভোগী প্রতিস্থাপন নিমিত্ত মৃত ভাতাভোগীর তালিকা, অনলাইন মৃত্যু সনদ অথবা মৃত্যুর প্রত্যয়নপত্র আগামী ০৭ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান (সকল)

১ নং মাথাভাঙ্গা, ২ নং ঘাগুটিয়া, ৩ নং দুলালপুর ৪ নং চান্দেচর
৫ নং আসাদপুর, ৬ নং নিলখী, ৭ নং ভাষানিয়া
৮ নং ঘারমোড়া ও ৯ নং জয়পুর
ইউনিয়ন পরিষদ, হোমনা, কুমিল্লা

 ৩০/১১/২০২৫

(রাসেল আহমেদ)

উপজেলা সমাজসেবা অফিসার
হোমনা, কুমিল্লা

☎ +৮৮ ০১৬৭০ ৯৬৭ ৬৬৩


✉ rassel.ahmed9teen@gmail.com

নম্বর: ৪১.০১.১৯৫৪.০০০.০০০.২৭.০০০১.২৫.২৮০/৬

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, সামাজিক নিরাপত্তা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা
২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা
৪. প্রশাসক, উপজেলা পরিষদ, হোমনা, কুমিল্লা
৫. উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা
৬. অফিস কপি

 ৩০/১১/২০২৫

(রাসেল আহমেদ)

উপজেলা সমাজসেবা অফিসার